

## PRESS RELEASE

### **“Institutionalization of ADR in the country will raise confidence of the investors” says Commerce Minister Quader**

**Thursday, 30<sup>th</sup> May 2013:**

Commerce Minister Ghulam Quader stated that Institutionalization of ADR in the country will raise confidence of the investors. He was speaking at the concluding session of the Foundation Course in Mediation, organized by the Bangladesh International Arbitration Centre (BIAC) and Centre for Effective Dispute Resolution (CEDR), UK from 27-30 May 2013 at Ruposhi Bangla Hotel. He acknowledged that businesses require fast and effective tools for resolving disputes that may arise. In keeping with the established practice in the developed and major developing countries, we need to adapt our institutions and procedures to making our economy and court systems business-friendly.

The Minister complimented BIAC for organizing this training with trainers from the world-famous Centre for Effective Dispute Resolution (CEDR). Twenty four trainees from different professions, namely, lawyers, bankers, company executives, teachers, NGO representatives, engineer participated in the programme. Certificates were issued to successful participants.

In his welcome statement, BIAC Chief Executive Dr. Toufiq Ali said that over the last decade we have been observing that public policy has promoted settlement of disputes outside of courts. Of late, several laws have made mediation mandatory. BIAC is committed to providing a service to businesses for conforming to the laws as well as to take advantage of the opportunities that arise.

While presiding over the Meeting, Mr. Mahbubur Rahman, Chairman of BIAC, emphasized that trained manpower is essential to make ADR successful in the country. The three business chambers: ICC-B, DCCI and MCCI have established BIAC with the view to facilitate the resolution of commercial disputes through ADR. Our court system is already overburdened with about 2.4 million cases, number of which is increasing everyday- he observed. He expressed his gratitude to IFC for supporting BIAC.

IFC Program Manager Dr. Masrur Reaz stated that the training on mediation is a milestone on the way to institutionalization of ADR in the country. IFC is delighted at the way BIAC is progressing and is privileged to support BIAC which is working to institutionalize formal ADR.

Important statements were also made by Barrister Rafique-ul Huq, Mr. Latifur Rahman, Chairman of Transcom Group, Ms. Rokia A. Rahman, President, MCCI, Mr. Md. Sabur Khan, President, DCCI, a representative of participants Barrister Faiyaz Bin Hasan and Mr. Andy Grossman, Director of CEDR, who came from London for the training.

বিয়াক প্রেস রিলিজ

৩০ মে ২০১৩

## দেশে বিকল্প বিরোধ নিষ্পত্তি ব্যবস্থার প্রাতিষ্ঠানিকীকরণ বিনিয়োগকারীদের আস্থা বৃদ্ধিতে ভূমিকা রাখবে-আশাবাদ বানিজ্য মন্ত্রীর

দেশে বিকল্প বিরোধ নিষ্পত্তি ব্যবস্থার প্রাতিষ্ঠানিকীকরণ বিনিয়োগকারীদের আস্থা বৃদ্ধিতে ভূমিকা রাখবে মর্মে আশাবাদ ব্যক্ত করেন বানিজ্য মন্ত্রী গোলাম মোহাম্মদ কাদের এমপি। তিনি আজ অপরাহ্নে বাংলাদেশ ইন্টারন্যাশনাল আরবিট্রেশন সেন্টার (বিয়াক) ও সেন্টার ফর ইফেক্টিভ ডিসপিউট রিজলিউশন (সিডর), ইউকে কর্তৃক রূপসী বাংলা হোটেলে যৌথভাবে আয়োজিত চারদিন ব্যাপী প্রশিক্ষণ কর্মসূচী “ফাউন্ডেশন কোর্স ইন মেডিয়েশন ” এর সমাপনী অনুষ্ঠানে এ কথা বলেন। তিনি বলেন ব্যবসা বানিজ্য পরিচালনায় যদি কখনও বিরোধের উৎপত্তি হয় তার দ্রুত ও কার্যকর নিষ্পত্তি আবশ্যিক। উন্নত ও গুরুত্বপূর্ণ উন্নয়নশীল দেশসমূহের ন্যয় আমাদের অর্থনীতির সাথে সম্পর্কযুক্ত প্রতিষ্ঠান ও পদ্ধতি সমূহ এবং বিচার ব্যবস্থাকে বানিজ্য বান্ধব করে গড়ে তোলা প্রয়োজন। মন্ত্রী বিশ্বখ্যাত প্রতিষ্ঠান সেন্টার ফর ইফেক্টিভ ডিসপিউট রিজলিউশন (সিডর) এর দুজন প্রশিক্ষক দ্বারা এ প্রশিক্ষণ কর্মসূচী আয়োজনের জন্য বিয়াকের প্রশংসা করেন। আইনজীবী, প্রকৌশলী, বিশ্ববিদ্যালয় শিক্ষক, কোম্পানী নির্বাহী, ব্যাংকার, এনজিও প্রতিনিধি সহ মোট চব্বিশ জন প্রশিক্ষনার্থী এ কর্মসূচীতে অংশগ্রহণ করেন। প্রশিক্ষণ শেষে প্রশিক্ষনার্থীদের সার্টিফিকেট প্রদান করা হয়।

স্বাগত ভাষনে বিয়াকের প্রধান নির্বাহী ড: তৌফিক আলী বলেন বিগত এক দশক ধরে সরকার আদালতের বাইরে বিরোধ নিষ্পত্তি পদ্ধতিকে উৎসাহিত করে আসছে। সম্প্রতি কয়েকটি আইনে বিকল্প বিরোধ নিষ্পত্তির একটি অন্যতম পদ্ধতি মেডিয়েশন বাধ্যতামূলক করা হয়েছে। বিয়াক আইনের এ সকল সংশোধনীর আলোকে বিরোধ নিষ্পত্তির বিকল্প পদ্ধতির সুফল লাভে দেশের বানিজ্যিক প্রতিষ্ঠান সমূহের জন্য সুবিধাদি সৃজনে প্রতিশ্রুতিবদ্ধ।

সমাপনী অনুষ্ঠানে সভাপতির ভাষনে বিয়াকের চেয়ারম্যান মাহবুবুর রহমান বলেন দেশে বিকল্প বিরোধ নিষ্পত্তি পদ্ধতির প্রয়োগ সফল করতে প্রশিক্ষিত জনবল সৃষ্টি আবশ্যিক। তিনি উল্লেখ করেন তিনটি বানিজ্যিক চেম্বার- ইন্টারন্যাশনাল চেম্বার অব কমার্স- বাংলাদেশ, ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রী, এবং মেট্রোপলিটান চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রী, ঢাকা- বিকল্প বিরোধ নিষ্পত্তি পদ্ধতির মাধ্যমে বানিজ্যিক বিরোধ নিষ্পত্তি সহজতর করতে বিয়াক প্রতিষ্ঠা করেছিল। তিনি বলেন আমাদের বিচার ব্যবস্থা আজ প্রায় ২৪ লক্ষ মামলায় ভারাক্রান্ত যে সংখ্যা প্রতিদিনই বাড়ছে। তিনি বিয়াককে সমর্থন দানের জন্য আইএফসির প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করেন।

আইএফসির প্রোগ্রাম ম্যানেজার ড: মাসরুর রিয়াজ বলেন মেডিয়েশন বিষয়ে প্রশিক্ষণ দেশে বিকল্প বিরোধ নিষ্পত্তির ক্ষেত্রে মাইল ফলক হয়ে থাকবে। বিয়াকের উন্নয়নে তারা আশাবাদী ও আনন্দিত।

অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে আরও বক্তব্য রাখেন ব্যারিস্টার রফিকউল হক, ট্রাসকম গ্রুপ এর চেয়ারম্যান জনাব লতিফুর রহমান, মেট্রোপলিটান চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রীর সভাপতি মিসেস রোকিয়া আফজল রহমান, ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রীর সভাপতি জনাব মো: সবুর খান, প্রশিক্ষনার্থীদের মধ্য হতে ব্যারিস্টার ফাইয়াজ বিন হাসান এবং সিডর ইউকে এর ডিরেক্টর মি: এন্ডি এসম্যান- যিনি প্রশিক্ষক হিসাবে এ প্রশিক্ষণ কর্মসূচীতে অংশ নিতে লন্ডন হতে এসেছেন।